

তথ্যবিবরণী

নম্বর-১৩০

মসিকের উদ্যোগে জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপিত

ময়মনসিংহ (মঙ্গলবার, ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

বিভিন্ন আয়োজনের মাধ্যমে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ উদযাপন করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এ উপলক্ষে আজ বেলা সাড়ে ১১ টায় এক বর্ণাঢ্য র্যালি আয়োজন করা হয়। র্যালিটি মসিক নগর ভবন থেকে শুরু হয়ে শশী লজ প্রাঙ্গণে এসে শেষ হয়। পরবর্তীতে শশী লজে দিবস উপলক্ষে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

র্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী। র্যালি পরবর্তীতে তিনি বলেন, আধুনিক ও জনবান্ধব নগরী বিনির্মাণে কাজ করে যাচ্ছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। বর্জ্য ব্যবস্থাপনা, স্বাস্থ্য সেবার পরিধি বৃদ্ধি, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, অবকাঠামো উন্নয়নসহ নাগরিকসেবা উন্নয়নের মাধ্যমে নাগরিকদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এছাড়াও বিভিন্ন সেবায় প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সেবাসমূহকে আরও জনবান্ধব করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

এ সময় ময়মনসিংহ পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, মসিক সচিব মোঃ আরিফুর রহমান, প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞা, প্রধান রাজস্ব কর্মকর্তা সৈজুতি ধর, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা দীপায়ন দাস শুভ ও এস এম মাজহারুল ইসলাম, প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা মোঃ বুলবুল আহমেদ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অসীম সাহা অন্যান্য বিভাগ ও শাখা প্রধান, অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও দিবস পালন উপলক্ষে নগরভবন প্রাঙ্গণে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প পরিচালনা করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

#

রাজীব/দেওয়ান/মনির/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/১৬:০০ ঘন্টা